

# প্রথম সাধারণ নির্বাচন (25 October 1951 to 21 February 1952 )

- **১৯৫০ এর ২৬শে জানুয়ারি** ভারতের নতুন সংবিধান গৃহীত হয়েছিল । সংবিধানের প্রস্তাবনায় ভারতের মানুষ ভারতকে **সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র** হিসাবে গড়ে তোলার দৃঢ় সিদ্ধান্ত নিয়েছিলেন । গণতন্ত্র এবং গণতান্ত্রিক ঐতিহ্যের প্রতি অপরিসীম শ্রদ্ধাশীল জহরলাল নেহেরু জাতীয় জীবনের এই গুরুত্বপূর্ণ পর্বে **নতুন "আধুনিক " ভারতের জন্য গণতন্ত্র ও সংসদীয় ব্যবস্থাকে চরম যত্নের সঙ্গে লালিত ও সুপ্রোথিত করেন** । ভারতীয় সংবিধান পঞ্চদশ অংশে ৩২৪ থেকে ৩২৯ ধারায় প্রত্যেক নাগরিককে ( যার বয়স ২১ বছরের কম নয় ) ভোটাধিকার দান করেছিল । নেহেরুর প্রধানমন্ত্রীত্ব কালে **১৯৫১-৫২ , ১৯৫৭ এবং ১৯৬২** তে **তিনটি সাধারণ নির্বাচন** অনুষ্ঠিত হয়েছিল । মার্কিন সাংবাদিক মাইকেল ব্রেচারের মতে , **১৯৫১-৫২ র সাধারণ নির্বাচন ছিল নবপ্রতিষ্ঠিত প্রজাতন্ত্রের সামনে রাজনৈতিক গণতন্ত্রের প্রথম বৃহত্তর পরীক্ষা** । যথেষ্ট কৃতিত্বের সঙ্গে ভারত এই পরীক্ষায় উত্তীর্ণ হয় ।

- ব্যাপকতার দিক থেকেও এই নির্বাচন ছিল চমকপ্রদ । সার্বজনীন ভোটাধিকার ভিত্তিতে ১৭ কোটি ৩০লক্ষ ভোটদাতাদের নিয়ে তৈরি বৃহত্তম নির্বাচকমণ্ডলী এই নির্বাচনে অংশগ্রহণ করে । এই নির্বাচকমণ্ডলীর ৭০ শতাংশের বেশি ছিল নিরক্ষর- নির্বাচন ব্যালট প্রভৃতি সম্পর্কে তাদের কোনো ধারণাই ছিল না । সব মিলিয়ে ১৮টি জাতীয় এবং ৬৩টি আঞ্চলিক পার্টির প্রার্থীরা এবং অনেক নির্দল প্রার্থী এই নির্বাচনে দাঁড়ান । লোকসভা আর বিধানসভা আসনগুলির জন্য সবমিলিয়ে প্রায় ১৭৫০০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন ।






- নতুন এই রাজনৈতিক ব্যবস্থা সম্পর্কে জনগণের উৎসাহ ছিল অপরিসীম। নিজেদের একেকটি ভোট যে কত মূল্যবান সেসম্পর্কে পূর্ণ অবহিত হয়েই তাঁরা নির্বাচনে অংশ নেন। **অনেক জায়গায় ভোট যেন গণ-উৎসবে পরিণত হয়**। তার প্রমাণ বাতিল ভোটের হার ছিল নিতান্তই কম , মাত্র ৩ বা ৪ শতাংশ। **ভোটাধিকারযুক্ত মহিলাদের অন্তত ৪০ শতাংশ ভোট দেন।**


**১৯৫১-৫২ র ভোটে দিল্লিতে মহিলা ভোটারদের লাইন**





- ১৯৫১-৫২ সালের ৪ মাস ধরে অনুষ্ঠিত প্রথম সর্বসাধারন নির্বাচনের মধ্য দিয়ে ভারতীয় গণতন্ত্র একটা মস্ত ধাপ এগিয়ে যায়। প্রথম সাধারণ নির্বাচনের বিশেষ উল্লেখযোগ্য ঘটনা ছিল নেহেরুর প্রাণবন্ত প্রচার অভিযান- অফুরন্ত প্রাণশক্তির পরিচয় দিয়ে তিনি নির্বাচন অভিযানে প্রায় ৪০ হাজার কিলোমিটার পথ পরিক্রমা করেন , সাড়ে তিন কোটি লোকের কাছে বক্তব্য





**পেশ করেন।** সাম্প্রদায়িকতাকে নেহেরু তাঁর নির্বাচনী অভিযানের কেন্দ্রীয় বিষয় হিসেবে বেছে নেন কারণ তিনি মনে করতেন, সাম্প্রদায়িক শক্তি ভারতের সংহতির পক্ষে সবচেয়ে বড় বিপদ।

**প্রথম সাধারণ নির্বাচন ন্যায্যভাবে , অবাধে নিরপেক্ষভাবে এবং প্রায় সুশৃঙ্খলভাবে হয়েছিল। নির্বাচনে কংগ্রেস বিপুলভাবে জয়লাভ করে।**

........................................................ Debjani Biswas

08.05.21

AJKM